

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কোভিড ১৯ টিকাদান কার্যক্রমের প্রথম পর্যায়ের সমাপনী অনুষ্ঠিত



৩১ অক্টোবর ২০২১-রবিবার মেডিকেল সেন্টার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কোভিড ১৯ টিকাদান কার্যক্রমের প্রথম পর্যায়ের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এ উপলক্ষ্যে উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এর অফিস কক্ষে ঢাকা জেলা সিভিল সার্জন এর কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ সৌজন্য স্বাক্ষাতে মিলিতি হন। এসময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, পরিচালক (ছাত্র-কল্যাণ), আইসিটি সেল ও মেডিকেল সেন্টার এর কর্মকর্তাসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে কোভিড ১৯ টিকা ক্যাম্পের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের বর্তমান শিক্ষার্থী এবং কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীসহ মোট ১৯৬০ জন টিকা প্রদানের প্রথম ডোজ-এর কার্যক্রম শেষ হয়।

উল্লেখ্য, গত ২১ অক্টোবর ২০২১ তারিখে বিশ্ববিদ্যালয় দিবসের দিনে কোভিড ১৯ টিকাদান কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।